

২০১৮

বাংলা - সাধারণ

পেপার : GE/CC-1

পূর্ণমান : ৬৫

Only for General Candidates

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

- ১। (ক) ফোর্ট উইলিয়ম কলেজের লেখকগোষ্ঠীর অন্যতম প্রধান দু'জন লেখক হলেন উইলিয়ম কেরি এবং মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার।
বাংলা গদ্যের উদ্ভব ও বিকাশে এই দু'জন লেখকের অবদান কতখানি— তা আলোচনা করো। ১০
অথবা,
(খ) প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের কৃতিত্বের পরিচয় দাও। ১০
- ২। (ক) বাংলা কবিতার ইতিহাসে মধুসূদন দত্তের কৃতিত্বের পরিমাপ করো। ১০
অথবা,
(খ) আধুনিক বাংলা নাটকের ধারায় বিজন ভট্টাচার্যের নাট্য-প্রতিভার পরিচয় দাও। ১০
- ৩। (ক) ঔপন্যাসিক শরৎচন্দ্রের কৃতিত্বের মূল্যায়ন করো। ১০
অথবা,
(খ) বাংলা ছোটগল্পের ধারায় মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো। ১০
- ৪। (ক) 'বিদ্যাসাগর বাংলা ভাষার প্রথম যথার্থ শিল্পী...।' — বিদ্যাসাগর সম্পর্কে রবীন্দ্রনাথের এই বক্তব্যের তাৎপর্য কী? ৫
অথবা,
(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটির গুরুত্ব কোথায়— তা আলোচনা করো। ৫
- ৫। (ক) কবি বিহারীলাল চক্রবর্তীকে রবীন্দ্রনাথ ঠাকুর 'ভোরের পাখী'-রূপে অভিহিত করেছিলেন— এর কারণ কী? ৫
অথবা,
(খ) নাট্যসাহিত্যের ইতিহাসে 'নীলদর্পণ' নাটকটির গুরুত্ব বিচার করো। ৫

Please Turn Over

৬। (ক) বাংলা উপন্যাসের ইতিহাসে রবীন্দ্রনাথের 'চোখের বালি' উপন্যাসটির গুরুত্ব কোনখানে— তা আলোচনা করে দেখাও। ৫
অথবা,

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়কে প্রকৃতিপ্রেমিক শিল্পী বলার কারণ কী? ৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫

(ক) ছতোম প্যাঁচার নকশা

(খ) বনলতা সেন

(গ) শেষের কবিতা

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) কৃষ্ণিবাসের রামায়ণ প্রথম কোথা থেকে ছাপা হয়?

(খ) 'গৌড়ীয় ব্যাকরণ' গ্রন্থটি কার লেখা?

(গ) 'চারুপাঠ' বইটির লেখকের নাম কী?

(ঘ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটির লেখক কে?

(ঙ) কাকে 'যুগসন্ধির কবি' বলা হয়?

(চ) 'পদ্মিনী উপাখ্যান' কাব্যটির রচয়িতা কে?

(ছ) নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থের নাম কী?

(জ) বাংলা ভাষায় লেখা প্রথম পূর্ণাঙ্গ নাটক কোনটি এবং কার লেখা?

(ঝ) গিরিশচন্দ্র ঘোষের লেখা দুটি সামাজিক নাটকের নাম লেখো।

(ঞ) কোন শ্রেণির নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের নাট্যপ্রতিভার সর্বোত্তম বিকাশ ঘটেছে?

(ট) 'সধবার একাদশী' কী ধরনের রচনা এবং কার লেখা?

(ঠ) স্বদেশপ্রেমের বীজমন্ত্র হয়ে ওঠা 'বন্দেমাতরম' সংগীতটি বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসে আছে?

(ড) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের দুটি ছোটগল্পের নাম লেখো।

(ঢ) 'পদ্মানদীর মাঝি' কত সালে প্রকাশিত হয়?

(ণ) তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের দুটি উপন্যাসের নাম লেখো।